

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

...  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-০৩  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.২৭.০০২.২১.৭৪

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৮

১৩ জুন ২০২১

বিষয়: জয়পুরহাট জেলার সদর উপজেলার ছোটাহার ধারকী আলিম মাদ্রাসায় সহ-সুপারের পদ শূন্য থাকায় মাদ্রাসার সাবেক সুপার/অধ্যক্ষ জনাব মোঃ আফতাব হোসেনকে সহ-সুপার পদে এমপিওভুক্তকরণ সংক্রান্ত।

সূত্র: জনাব মোঃ মোশাররফ হোসেন, সভাপতি, ছোটাহার ধারকী আলিম মাদ্রাসা, উপজেলা-সদর, জেলা-জয়পুরহাট এর নিকট হতে প্রাপ্ত আবেদন।

উপর্যুক্ত বিষয়ে জয়পুরহাট জেলার সদর উপজেলার ছোটাহার ধারকী আলিম মাদ্রাসায় সহ-সুপারের পদ শূন্য থাকায় মাদ্রাসার সাবেক সুপার/অধ্যক্ষ জনাব মোঃ আফতাব হোসেনকে সহ-সুপার পদে এমপিওভুক্তকরণের বিষয়ে উক্ত মাদ্রাসার সভাপতি জনাব মোঃ মোশাররফ হোসেন এ বিভাগে আবেদন দাখিল করেছেন।

২.০ আবেদনে জানানো হয়েছে যে, জয়পুরহাট জেলার সদর উপজেলার ছোটাহার ধারকী আলিম মাদ্রাসার কর্মরত সুপার/অধ্যক্ষ মোঃ আফতাব হোসেন গত ০৮.০১.১৯৯৫ তারিখে সুপার পদে এবং পরবর্তীতে ২৮.০১.২০০২ তারিখে অধ্যক্ষ পদে নিয়োগ প্রাপ্ত হন। তাঁর ইনডেক্স নং-৩৮৬৩০৭। ১২.০১.২০১২ তারিখে চিকিৎসাজনিত কারণে মাদ্রাসার গভর্নিং বডি কর্তৃক অনুমোদন সাপেক্ষে বর্হিঃবাংলাদেশ ছুটিতে গমন করেন। ছুটি শেষে মাদ্রাসায় যোগদান করতে গেলে তিনি অবগত হন যে, তাঁর নামে জাল ও ভূয়া অবৈধ ইস্তেফা পত্র দাখিল করা হয়েছে এবং তাঁর পরিবর্তে জনাব মোঃ আনোয়ার হোসেনকে সুপার পদে কমিটি কর্তৃক নিয়োগ প্রদান করা হয়েছে। পরবর্তীতে তিনি এমপিওভুক্ত হন। তাঁর ইনডেক্স নং-R-389788। কর্মরত সুপার/অধ্যক্ষ মোঃ আলতাফ হোসেন মাদ্রাসায় কর্মস্থলে যোগদান করে চাকুরী করা অসম্ভব পড়ায় মানবিক কারণে সহ-সুপার এর পদ শূন্য থাকায় মাদ্রাসার পরিচালনা কমিটির সিদ্ধান্ত মতে সহ-সুপার পদে সমন্বয়পূর্বক জনাব মোঃ আলতাফ হোসেনকে এমপিওভুক্তকরণের জন্য অনুরোধ করা হয়েছে।

৩.০ এমতাবস্থায়, বর্ণিত আবেদনের বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৮(আট) পাতা।

১৩-৬-২০২১

সৈয়দ আসগর আলী  
সহকারী সচিব

মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা


অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.২৭.০০২.২১.৭৪/১(৪)

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৮  
১৩ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) অতিরিক্ত সচিব(মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) অফিস কপি।



১৩-৬-২০২১

সৈয়দ আসগর আলী  
সহকারী সচিব